



তথ্যবিবরণী

নম্বর-১২৪

আগামীকাল শুরু হচ্ছে চতুর্থ অর্থনৈতিক শুমারি

রাজশাহী, ২৪ অগ্রহায়ণ (০৯ ডিসেম্বর):

দেশের অর্থনৈতিক অবস্থার বিস্তারিত চিত্র তুলে আনতে আগামীকাল (১০ ডিসেম্বর) থেকে শুরু হচ্ছে চতুর্থ অর্থনৈতিক শুমারি-২০২৪। ২৬ ডিসেম্বর পর্যন্ত ১৫ দিনব্যাপী এ শুমারিতে দেশের সকল অর্থনৈতিক ইউনিটের পরিচিতি, অর্থনৈতিক কার্যাবলী, জনবল, সম্পদ এবং ইউনিটের সুযোগ-সুবিধা সম্পর্কিত তথ্য উপাত্ত সংগ্রহ করা হবে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এ শুমারির কার্যক্রম পরিচালনা করছে।

রাজশাহী বিভাগীয় পরিসংখ্যান দপ্তরের পক্ষ থেকে জানানো হয়েছে, এবারের শুমারিতে এ বিভাগের ৮ জেলার মোট ৮ লক্ষ ৮৭ হাজার ৮৯১ টি স্থায়ী ও অস্থায়ী প্রতিষ্ঠান এবং ৯ লক্ষ ৭৩ হাজার ৪৩৫টি অর্থনৈতিক খানার (পরিবার) তথ্য সংগ্রহ করা হবে। তথ্য সংগ্রহ করবে ১১ হাজার ৯৭৩ জন তথ্য সংগ্রহকারী যাদেরকে তত্ত্বাবধান করবে ২ হাজার ২৭৩ জন সুপারভাইজার ও ৩১২ জন আইটি সুপারভাইজার।

অর্থনৈতিক শুমারিতে তথ্য প্রদানের মাধ্যমে এ কার্যক্রম সাফল্যমণ্ডিত করতে সকলের প্রতি আহ্বান জানিয়েছে রাজশাহী পরিসংখ্যান দপ্তর।

উল্লেখ্য যে বাংলাদেশে প্রথম অর্থনৈতিক শুমারি অনুষ্ঠিত হয় ১৯৮৬ সালে। ২০০১ সালে দ্বিতীয় এবং ২০১৩ সালে তৃতীয় শুমারি অনুষ্ঠিত হয়েছিল।

.....
তৌহিদ/আলীম/রুহুল/কনক/হালিম/২০২৪/১৬.৪০ ঘ.